



# বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়  
মতিঝিল, ঢাকা-১০০০  
বাংলাদেশ।

website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ

১৬ জানুয়ারি ২০২৫

বিআরপিডি সার্কুলার নং-০২

তারিখ: -----

০২ মাঘ ১৪৩১

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা

বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

## ব্যাংকিং প্রফেশনাল এক্সাম প্রসঙ্গে

দেশের সামগ্রিক উন্নয়নে ব্যাংক খাতের গুরুত্ব অপরিসীম। ব্যাংকিং বিষয়ে মৌলিক ও ব্যবহারিক/প্রায়োগিক জ্ঞান অর্জনের মাধ্যমে ব্যাংক কর্মকর্তাদের সিদ্ধান্ত গ্রহণের সক্ষমতা বৃদ্ধি এবং পেশাগত উৎকর্ষতা অর্জনে সহায়তার উদ্দেশ্যে দি ইনস্টিটিউট অব ব্যাংকার্স, বাংলাদেশ (আইবিবি) কর্তৃক দুই পর্বে ব্যাংকিং প্রফেশনাল এক্সাম (পূর্বতন ব্যাংকিং ডিপ্লোমা পরীক্ষা) চলমান রয়েছে। সম্প্রতি ব্যাংকিং প্রফেশনাল এক্সামের পাঠ্যক্রম আধুনিক ব্যাংকিং কার্যক্রমের সাথে সামঞ্জস্য রেখে বিস্তৃত পরিসরে তাত্ত্বিক ও ব্যবহারিক জ্ঞান অন্তর্ভুক্ত করে যুগোপযোগী করা হয়েছে যেখানে ১ম পর্ব বা Junior Associate of the Institute of Bankers, Bangladesh (JAIBB) পরীক্ষায় ব্যাংকিং সম্পর্কিত প্রাথমিক ও মৌলিক জ্ঞান এবং ২য় পর্ব বা Associate of the Institute of Bankers, Bangladesh (AIBB) পরীক্ষায় উচ্চতর ব্যাংকিং জ্ঞান ও দক্ষতা যাচাই করা হয়ে থাকে।

২। ব্যাংক খাতে অধিকতর শৃঙ্খলা ও সুশাসন নিশ্চিতকরণে মৌলিক ব্যাংকিং জ্ঞান সম্পন্ন দক্ষ মানবসম্পদ তৈরী এবং সিদ্ধান্ত গ্রহণে কর্মকর্তাদের সক্ষমতা বৃদ্ধির আবশ্যিকতা অনস্বীকার্য। এ প্রেক্ষিতে, ব্যাংক কর্মকর্তাদের পদোন্নতিতে ব্যাংকিং প্রফেশনাল এক্সাম সংক্রান্ত বিষয়ে নিম্নবর্ণিত নির্দেশনাবলী অনুসরণীয় হবে:

(ক) সিনিয়র অফিসার অথবা সমমানের পদ হতে উর্ধ্বতন পদে কর্মরত কর্মকর্তাদের পদোন্নতির ক্ষেত্রে ব্যাংক কর্তৃক বরাদ্দকৃত মোট নম্বরের মধ্যে ব্যাংকিং প্রফেশনাল এক্সাম উত্তীর্ণের জন্য ১০% নম্বর (JAIBB উত্তীর্ণের জন্য ৫% এবং AIBB উত্তীর্ণের জন্য ৫%) বরাদ্দ রাখতে হবে;

(খ) বিআরপিডি সার্কুলার নং-০৩ তারিখ: ০৮ ফেব্রুয়ারি ২০২৩ জারির অব্যবহিত পূর্বে নিয়োগপ্রাপ্ত অথবা পদোন্নতিপ্রাপ্ত ব্যাংক কর্মকর্তাগণ যে পদে কর্মরত ছিলেন তার পরবর্তী এক ধাপে পদোন্নতির ক্ষেত্রে ব্যাংকিং প্রফেশনাল এক্সাম উত্তীর্ণ না হলেও স্বয়ংক্রিয়ভাবে উক্ত পরীক্ষাদ্বয়ের জন্য বরাদ্দকৃত পূর্ণ নম্বর প্রাপ্ত হবেন;

(গ) ০১ জানুয়ারি ২০২৬ তারিখ হতে ব্যাংক বা ফাইন্যান্স কোম্পানি হতে কোনো কর্মকর্তা অন্য কোনো ব্যাংকে অপেক্ষাকৃত উচ্চতর পদে নিয়োগপ্রাপ্তির ক্ষেত্রে ব্যাংকিং প্রফেশনাল এক্সাম উত্তীর্ণ হতে হবে;

(ঘ) সিনিয়র অফিসার অথবা সমমানের পদে যোগদানের কিংবা উক্ত পদে পদোন্নতি প্রাপ্তির পর ১৫ বছর অতিক্রান্ত হয়েছে এরূপ কর্মকর্তা উচ্চতর পদে পদোন্নতির যোগ্যতার তালিকায় অন্তর্ভুক্তির ক্ষেত্রে ব্যাংকিং প্রফেশনাল এক্সাম উত্তীর্ণ না হলেও ব্যাংকিং অভিজ্ঞতা বিবেচনায় স্বয়ংক্রিয়ভাবে উক্ত পরীক্ষাদ্বয়ের জন্য বরাদ্দকৃত পূর্ণ নম্বর প্রাপ্ত হবেন;

(ঙ) ০১ ফেব্রুয়ারি ২০২৫ তারিখ হতে ব্যাংকে সিনিয়র অফিসার অথবা সমমানের পদে যোগদানকৃত কিংবা উক্ত পদে পদোন্নতিপ্রাপ্ত কর্মকর্তাদের পরবর্তী ১ম পদোন্নতির ক্ষেত্রে JAIBB এবং ২য় পদোন্নতির ক্ষেত্রে AIBB পরীক্ষা বাধ্যতামূলকভাবে উত্তীর্ণ হতে হবে। উক্ত তারিখ হতে কর্মকর্তাদের নিয়োগ বা পদোন্নতির শর্তে তা উল্লেখ থাকতে হবে। ০১ ফেব্রুয়ারি ২০২৫ তারিখ হতে বর্ণিত পদে যোগদানকৃত কিংবা পদোন্নতিপ্রাপ্ত কর্মকর্তাদের ক্ষেত্রে এ সার্কুলারের অনুষঙ্গ ২(ঘ) এর নির্দেশনা প্রযোজ্য হবে; এবং

চলমান পাতা/০২

- (চ) মূল ব্যাংকিং কার্যক্রমে সম্পৃক্ত নয় এরূপ বিভাগে কর্মরত কর্মকর্তাদের ক্ষেত্রে এ সার্কুলারের বর্ণিত অনুচ্ছেদ ২(ক-ঙ) এর নির্দেশনা প্রযোজ্য হবেনা। তবে এরূপ বিভাগে বর্তমানে কর্মরত কোনো কর্মকর্তার পরবর্তীতে মূল ব্যাংকিং কার্যক্রমে স্থায়ীভাবে পদায়ন করা হলে এ সার্কুলারে বর্ণিত অনুচ্ছেদ ২(ক-ঘ) এর নির্দেশনা প্রযোজ্য হবে। এছাড়া, ০১ ফেব্রুয়ারি ২০২৫ তারিখ হতে নিয়োগপ্রাপ্ত এরূপ বিভাগের কোনো কর্মকর্তার পরবর্তীতে মূল ব্যাংকিং কার্যক্রমে স্থায়ীভাবে পদায়নের পূর্বে ব্যাংকিং প্রফেশনাল এক্সাম বাধ্যতামূলকভাবে উত্তীর্ণ হতে হবে।
- ৩। ব্যাংকিং প্রফেশনাল এক্সাম উত্তীর্ণের জন্য ব্যাংক কর্তৃক আবশ্যিকভাবে আর্থিক প্রণোদনা [JAIBB উত্তীর্ণের ক্ষেত্রে ন্যূনতম ৩৫,০০০/- (পঁয়ত্রিশ হাজার টাকা) এবং AIBB উত্তীর্ণের ক্ষেত্রে ন্যূনতম ৫০,০০০/- (পঞ্চাশ হাজার টাকা)] প্রদান করতে হবে যা ৯৯তম ব্যাংকিং প্রফেশনাল এক্সাম হতে কার্যকর হবে।
- ৪। বিআরপিডি সার্কুলার নং-০৩ তারিখ: ০৮ ফেব্রুয়ারি ২০২৩ ও বিআরপিডি সার্কুলার লেটার নং-২৪ তারিখ: ২৩ জুলাই ২০২৩ সহ এ কার্যালয় হতে ইতঃপূর্বে এতদ্বিষয়ে প্রদত্ত সকল নির্দেশনা এতদ্বারা রহিত করা হলো। তবে, উক্ত নির্দেশনাসমূহের আলোকে ব্যাংক কর্তৃক ইতঃপূর্বে গৃহীত ও কৃত সকল কার্যক্রম বৈধ বলে গণ্য হবে।
- ৫। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো যা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,



(মোহাম্মদ শাহরিয়ার সিদ্দিকী)

পরিচালক (বিআরপিডি)

ফোনঃ ৯৫৩০২৫২